

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ২. ৪. ৬. হেদায়া

প্রসিদ্ধ হানাফী ফকীহ আল্লামা বুরহানুদ্দীন মারগীনানী (৫৯৩ হি.) রচিত 'হেদায়া' গ্রন্থের কয়েকটি হাদীস আবূ জাফর সিদ্দিকী জাল বলে চিহ্নিত করেছেন। সেগুলির মধ্যে রয়েছে: 'ক্রীতদাসের নিরাপত্তা নিরাপত্তা', দিবসের সালাত বোবা', 'তিন বার করে কুলি করা ও নাকের মধ্যে পানি দেওয়া নাপাক ব্যক্তির জন্য (ফর্য গোসলের ক্ষেত্রে) ফর্য', 'একজন মুসলিমের উপর খারাজ ও উশর একত্রিত হয় না', ইত্যাদি।[1]

ফুটনোট

[1] আবূ জাফর সিদ্দিকী, প্রাগুক্ত: উর্দু, পৃ. ১২-৯৯, বাংলা, পৃ. ৪৬০-৪৭৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4695

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন